# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 18-12-2025 Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত-ওমান বাণিজ্য সম্মেলন, দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন দিশা ও গতি দেবে। বহু প্রতীক্ষিত ভারত-ওমান সর্বাত্মক অংশীদারিত্ব চুক্তি আজ স্বাক্ষরিত হবে।

২/ গরীব কল্যাণ'ই বর্তমান সরকারের প্রাথমিক লক্ষ্য বলে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ লোকসভায় জানিয়েছেন। বিকশিত ভারত জি রাম জি বিল নিয়ে লোকসভায় আলোচনা চলছে।

৩/ আঞ্চলিক বিমান যোগাযোগ প্রকল্পের আওতায় ভারতের বিমান পরিষেবার বিস্তার ঘটেছে বলে অসামরিক বিমান চলাচল দপ্তরের মন্ত্রী রামমোহন নাইডু জানিয়েছেন।

৪/ ছত্তিশগড়ের সুকমা জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে তিন মাওবাদী মারা পড়েছে।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশ জুড়ে সংখ্যালঘু অধিকার দিবস উদযাপিত হচ্ছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত-ওমান ব্যবসায়িক সম্মেলন দুই দেশের সম্পর্ককে নতুন দিশা ও গতি দেবে। আজ মাসকটে অনুষ্ঠিত সম্মেলনে তিনি বলেন, পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির মধ্যেও ভারত-ওমানের বন্ধুত্ব সময়ের সঙ্গে আরও দৃঢ় হচ্ছে।

বাইট

তিনি আরও বলেন, দুই দেশের ৭০ বছরের কূটনৈতিক সম্পর্ক আস্থা ও বন্ধুত্বের ভিত্তিতে গড়ে উঠেছে। এখন এই অংশীদারিত্ব যৌথ ঐতিহ্যের উপর ভিত্তটি করে সমৃদ্ধ ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে।

প্রধানমন্ত্রী মোদি আজ মাসকটে সুলতান হাইথাম বিন তারিক-এর প্রাসাদে বৈঠক করছেন। দুই দেশের মধ্যে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট নানা বিষয় নিয়ে আলোচনা হবে। বহুল প্রতীক্ষিত সর্বাত্মক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (CEPA) আজ প্রাসাদেই স্বাক্ষরিত হবে। বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল এবং ওমানের বাণিজ্য, শিল্প ও বিনিয়োগ প্রচারমন্ত্রী কায়িস আল ইউসুফ চুক্তিতে স্বাক্ষর করবেন। শীর্ষ নেতাদের উপস্থিতিতে এই চুক্তি সম্পন্ন হবে।

বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েল দিনটিকে ঐতিহাসিক মুহূর্ত হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, ভারত ও ওমান শীঘ্রই সর্বাত্মক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (CEPA) স্বাক্ষর করবে, যা বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতাকে আরও গভীর করবে। এর আগে ওমানের বাণিজ্যমন্ত্রী কায়িস বিন মোহাম্মদ আল ইউসুফ ভারতীয় প্রতিনিধিদলকে স্বাগত জানান। তিনি দুই দেশের গভীর ঐতিহাসিক সম্পর্ক ও ভবিষ্যৎ উন্নয়নের যৌথ দৃষ্টিভঙ্গি তুলে ধরেন।

-------------------

ভারত ও সৌদি আরব রিয়াদে একটি দ্বিপাক্ষিক ভিসা প্রত্যাহার চুক্তি স্বাক্ষর করেছে। এর মাধ্যমে সরকারি সফর যেমন সহজ হবে তেমনি দুই দেশের মধ্যে বিনিময় আরও বাড়বে। ভারত-সৌদি আরব কৌশলগত অংশীদারিত্ব পরিষদের আওতায় চুক্তিটি স্বাক্ষরিত হয়েছে ।

ভারতের পক্ষ থেকে সৌদি আরবে নিযুক্ত রাষ্ট্রদূত সুহেল আজাজ খান এবং সৌদি বিদেশ মন্ত্রকের প্রোটোকল বিষয়ক উপমন্ত্রী আব্দুলমজিদ বিন রাশেদ আলসমারি চুক্তিতে স্বাক্ষর করেন।

চুক্তি অনুযায়ী, দুই দেশের কূটনৈতিক, বিশেষ ও সরকারি পাসপোর্টধারীদের জন্য স্বল্পমেয়াদি ভিসা প্রয়োজন হবে না। সৌদি বিদেশ মন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান বিন আব্দুল্লাহ-এর পক্ষে আলসমারি এই চুক্তি স্বাক্ষর করেন।

-------------------

লোকসভায় আজ বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ বা বিকশিত ভারত জিরাম জি বিল ২০২৫ আলোচনা ও পাশের জন্য উত্থাপন হয়েছে। এই বিল ২০ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন ২০০৫-এর পরিবর্তে আনা হয়েছে। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের জাতীয় দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামঞ্জস্য রেখে এই বিলে গ্রামীণ উন্নয়মূলক রূপরেখা গড়ে তোলা হয়েছে। অদক্ষ কায়িক শ্রমে সক্ষম প্রতিটি পরিবারের পূর্ণবয়স্ক সদস্যদের প্রতি অর্থ বছরে ১২৫ দিনে বিধিবদ্ধ কর্মনিশ্চয়তা এই বিলে প্রস্তাব করা হয়েছে। অর্থ বরাদ্দের ক্ষেত্রে ৬০ শতাংশ দেবে কেন্দ্র এবং ৪০ শতাংশ ব্যয় ভার বহন করতে হবে রাজ্যকে। তবে উত্তর পূর্বাঞ্চল ও হিমালয় সন্নিহিত রাজ্যগুলিকে দিতে হবে মোট বরাদ্দের মাত্র ১০ শতাংশ। বাকি ৯০ শতাংশ বহন করবে কেন্দ্র। আলোচনার জবাবী ভাষণে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন, গরীব কল্যাণই বর্তমানে সরকারের প্রাথমিক লক্ষ্য। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে মনরেগা প্রকল্প যথাযথভাবে কার্যকর হয়েছে। মনরেগার অধীনে ইউপিএ সরকার মাত্র ২ লক্ষ ১৩ হাজার কোটি টাকা খরচ করলেও মোদী সরকার সেক্ষেত্রে ৮ লক্ষ ৫৩ হাজার কোটি টাকা খরচ করেছে। অর্থ

বরাদ্দের ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্যের মধ্যে কোনোরকম তফাত্ নেই বলেও মন্ত্রী উল্লেধ করেন।

বাইট

আলোচনার পর বিলটি পাশ হয়েছে। বিল পাশের পর লোকসভার অধিবেশন দিনের মত মুলতুবি হয়ে গেছে।

-------------------

সরকার জানিয়েছে, সারা দেশে বর্তমানে ৪৪০টি একলব্য মডেল আবাসিক স্কুল চালু রয়েছে। এসব স্কুলে আদিবাসী শিশুদের মানসম্মত শিক্ষা দেওয়া হচ্ছে। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে আদিবাসী বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম জানান, সরকার ইতিমধ্যে ৭২৮টি একলব্য মডেল স্কুল অনুমোদন করেছে। মন্ত্রী আরও বলেন, আদিবাসীদের উন্নয়নে সরকার বেশ কিছু কল্যাণমূলক কর্মসূচি শুরু করেছে। এর মধ্যে রয়েছে ধর্তি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান, যার মোট ব্যয় ধরা হয়েছে ৮০ হাজার কোটি টাকা। এই কর্মসূচির আওতায় ৬৩ হাজার আদিবাসী গ্রাম উন্নয়ন করা হবে।

তিনি জানান, বিশেষভাবে ঝুঁকিপূর্ণ আদিবাসী গোষ্ঠীর উন্নয়নে পিএম জনমন প্রকল্পও চালু করা হয়েছে।

-------------------

জাতীয় রাজধানী অঞ্চল দিল্লীতে বায়ুদূষণ নিয়ে আজ লোকসভায় আলোচনা হওয়ার কথা। ১৯৩ বিধির অধীনে এই আলোচনা হবে। সাংসদ প্রিয়াঙ্কা গান্ধী ভদরা, কানিমোড়ি করুণানিধি ও বাশুরি স্বরাজ সভায় এই আলোচনার উত্থাপন করবেন। অন্যদিকে কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ রাজ্যসভায় “রূপান্তরমূলক ভারত গঠনের

লক্ষ্যে পরমাণু শক্তির সুস্থায়ী ব্যবহার নিয়ন্ত্রণ সংক্রান্ত বিল ২০২৫" আলোচনা ও পাশের জন্য উত্থাপন করবেন।

-------------------

আঞ্চলিক বিমান যোগাযোগ প্রকল্পের আওতায় ভারতের বিমান পরিষেবার বিস্তার ঘটেছে। ২০১৪ সালের ৭৪টি বিমানবন্দরের তুলনায় এখন তা বেড়ে হয়েছে ১৬০টি । বিমান ভ্রমণকে সাশ্রয়ী ও সহজলভ্য করে তোলা এবং প্রান্তিক অঞ্চলগুলিকে সংযুক্ত করার লক্ষ্যে ২০১৬ সালে এই প্রকল্পটি চালু করা হয়েছিল।

লোকসভায় আজ প্রশ্নকাল চলাকালীন অ-সামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু বলেন, সরকার 'উড়ান' প্রকল্পের অধীনস্ত বিমানবন্দরগুলি সফলভাবে কার্যকরী বিমান পরিবহন কেন্দ্রে রূপান্তরিত করেছে। তিনি বলেন, এই প্রকল্পের মাধ্যমে সরকার সারা দেশে, বিশেষ করে উত্তর-পূর্ব এবং উত্তরাখণ্ডের মতো রাজ্যগুলিতে হেলিকপ্টার পরিষেবাকেও সহায়তা করছে। শ্রী নাইডু বলেন, এই প্রকল্পের মেয়াদ আরও দশ বছরের জন্য বাড়ানো হবে।

-------------------

'আজকের প্রসঙ্গ' অনুষ্ঠানে আজ শুনবেন 'ভারত-রাশিয়া সম্পর্ক' নিয়ে বিশেষ আলোচনার দ্বিতীয় পর্ব। ডক্টর অনীক চ্যাটার্জির সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আজ রাত ৮ টায় গীতাঞ্জলি ও DTH বাংলা পরিষেবায় শোনা যাবে।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান 'আজকের প্রসঙ্গ' এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আট'টা এবং বুধবার রাত সাড়ে ন'টায় শোনা যাবে গীতাঞ্জলি

ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মেও পাওয়া যাবে।

-------------------

তথ্য সম্মাচার প্রতিমন্ত্রী ডক্টর এল মুরুগান বলেছেন, OTT প্ল্যাটফর্মের বিষয়বস্তু, সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশন'-CBFC-র সেন্সরশিপের আওতায় পড়বে না। লোকসভায় এক লিখিত প্রশ্নের উত্তর ডক্টর মুরুগান জানান, OTT-র বিষয়বস্তু, ২০২১ সালে তথ্য প্রযুক্তি বিধির তৃতীয় অংশের ধারা অনুযায়ী নিয়ন্ত্রিত। ওই আইন অনুযায়ী আপত্তিকর বিষয়বস্তুর সম্প্রচার থেকে বিরত থাকতে হবে এবং কনটেন্টগুলিকে বয়স অনুযায়ী আলাদাভাবে শ্রেণীবিভাগ করতে হবে OTT প্ল্যাটফর্মগুলিকে।

এই বিধিতে বিষয়বস্তু সম্পর্কিত নিয়মাবলী মেনে চলা এবং জনসাধারণের অভিযোগে নিষ্পত্তির জন্য ত্রিস্তরীয় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা কার্যকর করার কথা বলা হয়েছে।

-------------------

ভারতবর্ষকে আরো নিবিড়ভাবে পর্যালোচনায় বিবিধের মাঝে একতার দর্শন, আগামীদিনে বিশ্বকে পথ দেখাবে বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্বরসঙ্ঘ চালক মোহন ভাগবত মত প্রকাশ করেছেন। সঙ্ঘের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে সেবক রোডের শতাব্দী সদনে আয়োজিত এক যুব সম্মেলনে তিনি বলেন, সরকারের ওপর নির্ভর না করে সমাজকে শক্তিশালী করে তুলতে প্রত্যেক নাগরিকের এগিয়ে আসা উচিত। এজন্য পরিবেশ সংরক্ষণ, জাতিগত বৈষম্য দূর, নাগরিক কর্তব্য পালন, স্ববোধের জাগরণ ওপরিবার প্রবোধনের গুরুত্বের ওপরে জোর দেন তিনি।

কার্শিয়াং এবং জলপাইগুড়ি থেকে আমাদের জেলা প্রতিনিধিরা জানাচ্ছেন, উত্তরবঙ্গের পাশাপাশি প্রতিবেশী রাজ্য সিকিম থেকেও অংশগ্রহণকারীরা এই যুব

সম্মেলনে যোগ দেন। উপস্থিত ছিলেন সংঘের পদাধিকারি এবং সংঘের কয়েকশ' স্বয়ংসেবক ও সংগঠক।

-------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশ জুড়ে সংখ্যালঘু অধিকার দিবস উদযাপিত হচ্ছে। রাষ্ট্রসংঘ, ১৯৯২ সালের ১৮ ডিসেম্বরে ধর্মীয়, ভাষাগত, জাতি গত সংখ্যালঘুদের অধিকার সুরক্ষার জন্য সংখ্যালঘু অধিকার দিবস ঘোষণা করে। এই উপলক্ষে সরকারি ও বেসরকারি সংগঠনের পক্ষ থেকে নানা কর্মসূচী নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, সংখ্যালঘু অধিকার রক্ষা দিবস উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি জানিয়েছেন, তাঁর সরকার সংখ্যালঘু দপ্তরের জন্য ব্যয় বরাদ্দ, আগের চেয়ে প্রায় ১০ গুণ বৃদ্ধি করেছে।

-------------------

ছত্তিশগড়ের সুকমা জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে তিন মাওবাদী মারা পড়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, কিস্তারাম এলাকায় মাওবাদী উপস্থিতির খবর পেয়ে জেলা সংরক্ষিত বাহিনীর একটি দল সেখানে পৌঁছায়। আজ সকালে সিঙ্গানামারাগুতে শুরু হয় দু পক্ষের মধ্যে গুলি বিনিময়। এখনো পর্যন্ত তিনটি দেহ উদ্ধার হয়েছে। পুলিশের অতিরিক্ত বাহিনী ঘটনাস্থলে পৌঁছেছে। চলছে জোরদার তল্লাশী অভিযান।

-------------------

বাংলাদেশে সাংবাদিক আনিস আলমগীরের গ্রেপ্তার নিয়ে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল উদ্বেগ প্রকাশ করেছে। সংস্থাটি বলেছে, অন্তর্বর্তী সরকারে র উচিত মতপ্রকাশের স্বাধীনতার জন্য জায়গা তৈরি করা এবং সাংবাদিকের অবিলম্বে মুক্তি নিশ্চিত করা।

অ্যামনেস্টির আঞ্চলিক গবেষক রিহাব মাহমুর এক প্রতিবেদনে জানিয়েছেন, ১৫ই ডিসেম্বর আনিস আলমগীরকে গ্রেপ্তার করা হয়। তিনি ও অন্যরা সামাজিক ও মূলধারার গণমাধ্যমে আওয়ামী লীগকে সমর্থন করেছেন বলে অভিযোগ আনা হয়েছে।

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল জানিয়েছে, বাংলাদেশ সরকার আন্তর্জাতিক নাগরিক ও রাজনৈতিক অধিকার সনদের প্রতি তাদের অঙ্গীকার রক্ষা করতে বাধ্য। তাই সাংবাদিকের মুক্তি নিশ্চিত করা জরুরি।

অ্যামনেস্টির এই আহ্বানকে কেন্দ্র করে বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতা ও গণমাধ্যমের ভূমিকা নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে।

এদিকে স্থানীয় অধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (ASK)ও এই গ্রেফতারির তীব্র নিন্দা করেছে। ASK বলেছে, সাংবাদিককে গ্রেপ্তার করা সন্ত্রাসবিরোধী আইনের অপব্যবহার এবং মতপ্রকাশের স্বাধীনতার ওপর সরাসরি আঘাত।

------------------ ------------------